

‘এবং মছয়া’ -বিশ্ববিদ্যালয় মঞ্জুরী আয়োগ (UGC-CARE)

অনুমোদিত তালিকার অন্তর্ভুক্ত।

২০২০সালে প্রকাশিত ৮৬পৃ.তালিকার ৬০ পৃ.এবং ৮৪পৃ.উল্লেখিত।

# এবং মছয়া

(বাংলা ভাষা, সাহিত্য ও গবেষণাধর্মী মাসিক পত্রিকা)

২৩তম বর্ষ, ১৩৪ সংখ্যা

জুন, ২০২১

সম্পাদক

ড. মদনমোহন বেরা

সহসম্পাদক

পায়েল দাস বেরা

মৌমিতা দত্ত বেরা

যোগাযোগ :

ড. মদনমোহন বেরা, সম্পাদক।

গোলকুঁয়াচক, পোস্ট-মেদিনীপুর, ৭২১১০১, জেলা-প.মেদিনীপুর, প.বঙ্গ।

মো.-৯১৫৩১৭৭৬৫৩

কে.কে. প্রকাশন

গোলকুঁয়াচক, মেদিনীপুর, পশ্চিমবঙ্গ।

১৬. নিত্যানন্দ চক্রবর্তীর শীতলামঙ্গল : একটি সাহিত্যিক পর্যালোচনা :: সন্দীপ কুমার সাদুল.....	১৩৩
১৭. ঊনবিংশ শতকে বাংলায় নীল বিদ্রোহ ও স্প্রিস্টান মিশনারিসম্প্রদায় :: রুদ্রাণী ভট্টাচার্য.....	১৩৯
১৮. গ্রামোন্নয়ন : মত ও পথের খোঁজে ঐতিহাসিক বীক্ষণ :: সেখ আসাদ আলি.....	১৪৪
১৯. ডুয়ার্সের আদিম টোটো জনজাতি ও তাদের সমাজ সংস্কৃতি :: সঙ্কিতা ভট্টাচার্য.....	১৫৮
২০. কৃষ্ণভাবিনী দাসের নারীভাবনা ও তার সীমাবদ্ধতা :: অর্ক ভট্টাচার্য.....	১৬৭
২১. 'চণ্ডীমঙ্গল' কাব্যের বণিকখণ্ডের ত্রিকোণ সমস্যা :: বাপী নস্কর.....	১৭০
২২. ভারতীয় চলচ্চিত্রের মুকুটহীন সজাট :: বিকাশপতি মাহাত.....	১৭৪
২৩. দেবেশ রায়ের ছোটগল্পে নিম্নবিত্ত মানুষের জীবন চর্চা :: দিব্যেন্দু দে.....	১৭৯
২৪. বঙ্গ নারীর ক্ষমতায়নের ঐতিহাসিক প্রেক্ষাপট :: লক্ষ্মণ চন্দ্র ওঝা.....	১৮৫
২৫. নভেল করোনা ভাইরাস : মানসিক ব্যাধি ও স্বাস্থ্য সচেতনতা :: লালকৃষ্ণ খাঁড়া.....	১৯২
২৬. শীর্ষেন্দু মুখোপাধ্যায়ের ছোটগল্পে ব্যক্তিমানুষের বিযুক্তি থেকে সংযুক্তিকরণ :: মো.নূর আমিন.....	২০১
২৭. 'পুতুলনাচের ইতিকথা' উপন্যাসের কখনরীতি :: উর্বা মুখোপাধ্যায়.....	২০৭
২৮. পেশাগত নৈতিকতা ও দায়িত্বের দ্বন্দ্ব : একটি সমীক্ষা :: সেখ আব্দুল হালিম.....	২১৪
২৯. ব্যক্তি রবীন্দ্রনাথ ও তাঁর বেদনাময় সংগীতের ফলগুধারা :: রিম্পা পাত্র.....	২২৩
৩০. পশ্চিমবঙ্গে মাধ্যমিক শিক্ষক আন্দোলন ১৯৫৪ : একটি ঐতিহাসিক পর্যালোচনা :: সৌরভ সরকার.....	২৩৪
৩১. বাঙালিদের নবান্ন উৎসব :: শুভঙ্কর ঘড়া.....	২৪৩
৩২. জঙ্গলমহলের আদিবাসী মহিলাদের জীবনচিত্র রূপায়ণে ভাদু ও টুসু গান :: সুরজিৎ ঘোষ.....	২৪৮
৩৩. সত্তরের বাংলা উপন্যাসে গ্রাম জীবন :: তাহরিনা নাসরিন.....	২৫৪

# ‘পুতুলনাচের ইতিকথা’ উপন্যাসের কথনরীতি

উর্ষী মুখোপাধ্যায়

সার সংক্ষেপ :

মানিক বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস ‘পুতুলনাচের ইতিকথা’ উপন্যাসের কথনরীতি আলোচনা করা হয়েছে এই নিবন্ধে। কথনের নানাবিধ রকম ও তার প্রয়োগ যেমন এই আলোচনায় উঠে এসেছে, তেমনই এই নিবন্ধে স্থান পেয়েছে কথন বিন্যাসে সংস্কৃতির প্রসঙ্গ।

শব্দসূচক :

প্রত্যক্ষ কথন, পরোক্ষ কথন, মুক্ত পরোক্ষ কথন, সংস্কৃতি।

প্রতিপাদ্য বিষয় :

বাংলা সাহিত্যের বহুপঠিত ও বহুচর্চিত উপন্যাস হল মানিক বন্দ্যোপাধ্যায়ের ‘পুতুলনাচের ইতিকথা’। সমালোচকেরা নানান দৃষ্টিভঙ্গি থেকে এই উপন্যাসকে বিশ্লেষণ করেছেন। অদৃষ্ট বা নিয়তির হাতের পুতুল হয়ে ওঠা গাওদিয়া গ্রামের মানুষের কথা বলতে গিয়ে মানিক উপন্যাসে কথনের বিন্যাসে বিশেষ সচেতন ছিলেন। মানিক গাওদিয়ার মানুষের জীবনের সুখ-দুঃখের ধারাভাষ্য রচনা করেছেন। ইতিকথা, উপকথা, পাঁচালী শব্দবন্ধগুলোর মধ্য দিয়ে চিরায়ত গতিময় জীবনের কাহিনিকেই তুলে ধরা হয়। উপন্যাসে কুসুম, পরান, মতি, কুমুদ, বিন্দু, নন্দলাল, যামিনী কবিরাজ, সেনদিদি, গোপাল, যাদব পণ্ডিত, পাগলাদিদি-কে কেন্দ্র করে আবর্তিত হয়েছে ঘটনা। আর শশী সবকিছুকে অত্যন্ত কাছ থেকে লক্ষ করেছে, বিশ্লেষণের চেষ্টা করেছে।

উপন্যাস নামক আখ্যানের আলোচনায় প্রাধান্য দেওয়া হয় আখ্যানের পাঠের উপর। আখ্যান গ্রাহক বহুপাঠের মধ্য দিয়ে অনুসন্ধান করেন পাঠের অন্তর্গত পাঠকে। আখ্যানের বাচন কৌশল সংক্রান্ত আলোচনা করা হয় আখ্যানতত্ত্বের অধীনে। ভাষাবিজ্ঞানীদের কাছে সাহিত্য হল বাচনিক শিল্প এবং সাহিত্যের আধার হল ভাষা। আখ্যানের বাচনস্তরে কাহিনি বিন্যস্ত হয় ভাষার মাধ্যমে। আখ্যানে ‘কী বলা হচ্ছে’র পাশাপাশি ‘কীভাবে বলা হচ্ছে’— এই বিষয়টি প্রাধান্য পায়। আখ্যান গঠনের দুটি স্তর— প্রথম স্তর হল কাহিনি (Story/Fabula) এবং দ্বিতীয় স্তর হল বাচনস্তর বা